



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৭.২৪- ১৫৩

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩১  
১১ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মোশাররফ হোসেন (১১০৮৭০০১), সহকারী পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (প্রাক্তন সহকারী সচিব, নির্বাচন সহায়তা-২, নির্বাচন কমিশন সচিবালয়) ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২২ এ নিবন্ধন ফরম বিতরণের দায়িত্ব পালনকালে ১৪৮০৫৭০০১ হতে ১৪৮০৫৭৫০০ ক্রমিকের মোট ৫০০(পাঁচশত) নিবন্ধন ফরম সাতক্ষীরা জেলায় বিতরণ দেখিয়ে স্বাক্ষর ও রেকর্ডভুক্ত করেন। বর্ণিত ক্রমিকের ফরম ব্যবহার করে রোহিঙ্গা নাগরিক বেআইনিভাবে ভোটার হিসেবে নিবন্ধিত হওয়ার চেষ্টা করে; তার উক্তরূপ কার্যের দ্বারা ভোটার নিবন্ধন কার্যক্রমের Integrity প্রশ্নবিদ্ধ হয় এবং নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়;

যেহেতু, প্রাথমিক সত্যতা উদঘাটনে পরিচালিত তদন্তে তার দায়িত্বে অবহেলার বিষয়টি প্রমাণিত হয়;

যেহেতু, তার এ ধরনের কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ২০ অনুযায়ী দায়িত্বে অবহেলা, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) অনুযায়ী 'অদক্ষতা' ও বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০৯/২০২৪ রুজু করে তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, গত ০৭-০৮-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হয়ে তার লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন;

যেহেতু, তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করলেও overwritten রেকর্ডপত্র এবং ফরমের ক্রমিক নম্বর উপেক্ষা করে চালান প্রস্তুত করতঃ নিবন্ধন ফরম বিতরণ করেন দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন মর্মে প্রতীয়মান হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অপরাধের গুরুত্ব, ন্যায় বিচার, প্রাথমিক তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র বিবেচনায় জনাব মোঃ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (প্রাক্তন সহকারী সচিব, নির্বাচন সহায়তা-২, নির্বাচন কমিশন সচিবালয়)-কে 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৯/২০২৪ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩/৮

১১. ০৮. ২৪  
শফিউল আজিম  
সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৭.২৪- ১৫৩

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩১  
১১ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। উপসচিব .....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৭। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা

জারীকৃত  
১৫৮০  
১১/০৮/২৪

চলমান পাতা-২

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

- ০৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- ১০-১৩। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। জনাব মোঃ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (প্রাক্তন সহকারী সচিব, নির্বাচন সহায়তা-২, নির্বাচন কমিশন সচিবালয়)
- ১৬। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জনাব মোঃ মোশাররফ হোসেন, সহকারী পরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট (প্রাক্তন সহকারী সচিব, নির্বাচন সহায়তা-২, নির্বাচন কমিশন সচিবালয়) এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ]

১১.০৪.১৫

মোহাম্মদ আল-মামুন  
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)  
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮  
ইমেইল: sas\_dis@ecs.gov.bd

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd